



রাজস্বের প্রবৃদ্ধি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)  
বাড়ী নং-৬, সোনারগাঁ জনপথ, সেক্টর নং-১১, উত্তরা, ঢাকা-১২৩০।  
ওয়েবসাইট: [www.dknvat.gov.bd](http://www.dknvat.gov.bd)

টেকসই সমৃদ্ধি

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(১৮৫)/সুরাইয়া স্পিনিং মিলস/গ্যাস-বিদ্যুৎ/অব্যাঃ/২০১৮

তারিখ: /১১/২০১৯ খ্রিঃ।

**আদেশ**

সুরাইয়া স্পিনিং মিলস লিমিটেড, গুজিয়াম, ত্রিশাল, ময়মনসিংহ (মূসক নিবন্ধন নম্বর-১৮১৬১০৩৯১৬২/বিআইএন নং-০০০২১১৯২৬-০১০৪) প্রতিষ্ঠান কর্তৃপক্ষ, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৫৪-আইন/২০০৫/৪৪৫-মূসক, তারিখ: ০৯/০৬/২০০৫ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-৭/মূসক/২০০৫, তারিখ: ০৯/০৬/২০০৫ খ্রিঃ অনুযায়ী, এ দপ্তরের পত্র নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(১৮৫)/সুরাইয়া স্পিনিং মিলস/গ্যাস-বিদ্যুৎ/অব্যাঃ/ ২০১৮/ ৭৯৭১(৭), তারিখ: ১৬/১০/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে বিদ্যুৎ (মিটার নং-১৬৭৯২০৫০) বিতরণকারী সেবা উপর ৮০% মূসক অব্যাহতি গ্রহণ করে।

০২। পরবর্তীতে অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন ১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী সুরাইয়া স্পিনিং মিলস লিমিটেড, গুজিয়াম, ত্রিশাল, ময়মনসিংহ (মূসক নিবন্ধন নম্বর-১৮১৬১০৩৯১৬২/বিআইএন নং-০০০২১১৯২৬-০১০৪) নামক প্রতিষ্ঠানটি ১০০% প্রচ্ছন্ন রপ্তানীকারক শিল্প প্রতিষ্ঠান হিসেবে, তাদের প্রতিষ্ঠানের পন্য রপ্তানীর কাজে ব্যবহৃত বিদ্যুৎ বিল সেবার উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে ২২/১০/২০১৯ খ্রিঃ তারিখ এ দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে, পূর্বের আদেশের সূত্রে, প্রজ্ঞাপন ১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তাং-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর আলোকে প্রতিষ্ঠানের অনুকূলে সুরাইয়া স্পিনিং মিলস লিমিটেড, গুজিয়াম, ত্রিশাল, ময়মনসিংহ (মূসক নিবন্ধন নম্বর-১৮১৬১০৩৯১৬২/বিআইএন নং-০০০২১১৯২৬-০১০৪) নামক প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:-

**টেবিল**

শিরোনামা সংখ্যা	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	পণ্য/সেবার বিবরণ	মিটার নম্বর	গ্রাহক সংকেত নম্বর	মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
S057	S057.00	বিদ্যুৎ বিতরণকারী	১৬৭৯২০৫০	০২-৩০৯-৮৪৫০	১০০%

**৪। শর্তসমূহ**

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে।

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ গুণানীতির সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে গুণানীতি গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

(চলমান পাতা-২)

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঙ. এ আদেশ নভেম্বর, ২০১৯ খ্রিঃ মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-

জাকিয়া সুলতানা

কমিশনার

ফোন: ০২-৫৫০৮০৩১৫

ফ্যাক্স: ০২-৫৫০৮০৩২৩

ই-মেইল: commdkn@gmail.com

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(১৮৫)/সুরাইয়া স্পিনিং মিলস/গ্যাস-বিদ্যুৎ/অব্যঃ/২০১৮/৯৩৮(৭) তারিখ: ২৫/১১/২০১৯ খ্রিঃ।  
অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
  - ২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, ময়মনসিংহ বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো।
  - ৩। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যর্পন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
  - ৪। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা।
  - ৫। ব্যবস্থাপনা পরিচালক, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ (ত্রিশাল সাব জোনাল অফিস), ময়মনসিংহ।
  - ৬। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, ময়মনসিংহ সার্কেল-১ তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, সুরাইয়া স্পিনিং মিলস লিমিটেড, গুজিয়াম, ত্রিশাল, ময়মনসিংহ (মূসক নিবন্ধন নম্বর-১৮১৬১০৩৯১৬২/বিআইএন নং-০০০২১১৭২৬-০১০৪)।



মোঃ মিলন শেখ

যুগ্ম কমিশনার